

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১০, ২০১৪

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

আইনগত বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, “The Dynamic Surveyors” রেজিঃ নং ২৮০১৭/৯০, তারিখঃ ০৭-০১-১৯৯০। গত ১৬-০৮-২০১৪ তারিখের সভায় সর্বসম্মতিক্রমে নতুন অংশীদার হিসাবে ইঞ্জিনিয়ার মোঃ সাইদুর রহমান এবং মিসেস ফরিদা ইয়াসমিন সিনথিয়াকে নিয়োগ দান করেন। উক্ত সভায় জনাব আবুল কাশেম মজুমদার তাহার সম্পূর্ণ অর্থাৎ ৫০% শেয়ার এবং এ, জেড হাসিব তাহার সম্পূর্ণ অর্থাৎ ২.৫০% শেয়ারসহ মোট ৫২.৫০% শেয়ার নতুন অংশীদার ইঞ্জিনিয়ার মোঃ সাইদুর রহমান সাহেবকে এবং মিসেস রওশন আরা বেগম তাহার সম্পূর্ণ অর্থাৎ ৪৭.৫০% শেয়ার মিসেস ফরিদা ইয়াসমিন সিনথিয়ার নিকট হস্তান্তর করেন। বর্তমান অংশীদারদের বর্তমান লাভ-ক্ষতির অংশ ইঞ্জিনিয়ার মোঃ সাইদুর রহমান সাহেবের ৫২.৫০% এবং মিসেস ফরিদা ইয়াসমিন সিনথিয়া ৪৭.৫০% শেয়ারের মালিক। ১৬-০৮-২০১৪ তারিখ হইতে অংশীদারী ফার্মটি পুনঃগঠিত (Reconstituted) হইয়া পরিচালিত হইতেছে।

উল্লেখ্য যে, গত ২৮-০৫-২০১৪ তারিখে ফার্মের অংশীদার জনাব আবুল কাশেম মজুমদারের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ভুলবশতঃ জনাব আবুল কাশেম মজুমদারের সম্পূর্ণ অর্থাৎ ৯৮% শেয়ার নতুন অংশীদার ইঞ্জিনিয়ার মোঃ সাইদুর রহমানকে এবং জনাব শাহ মোহাম্মদ আজিম তাহার সম্পূর্ণ অর্থাৎ ২% শেয়ার মিসেস ফরিদা ইয়াসমিন সিনথিয়াকে হস্তান্তর করেন। উক্ত ভুল সিদ্ধান্তের ভিত্তিতে গত ০২-০৭-২০১৪ তারিখে গেজেট প্রকাশিত হয় এবং ০৩-০৭-২০১৪ তারিখে দৈনিক এশিয়াবানী পত্রিকায় আইনগত বিজ্ঞপ্তি প্রকাশিত হয় যাহা সম্পূর্ণভাবে ভুল। উক্ত পুনঃগঠন সম্পর্কে কারো কোন আপত্তি বা পরামর্শ থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ (পনের) দিনের মধ্যে বিদ্যমান অংশীদার ইঞ্জিনিয়ার মোঃ সাইদুর রহমান সাহেবের সহিত যোগাযোগ করিতে অনুরোধ করা হইল।

ইঞ্জিনিয়ার মোঃ সাইদুর রহমান

অংশীদার

The Dynamic Surveyors.

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(২০১২৩)

মূল্য : টাকা ৪.০০